রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ১৫, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/ ১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৬.২৪.১৬১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার '**সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি**' নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| (১) | উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | উপদেষ্টা, খাদ্য মন্ত্রণালয়/ প্রধান উপদেষ্টা কর্তৃক মনোনীত একজন উপদেষ্টা | : | সদস্য |
| (৩) | উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | উপদেষ্টা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | উপদেষ্টা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | উপদেষ্টা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৭) | উপদেষ্টা, সমাজকল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | উপদেষ্টা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |


মূল্য : টাকা ৪.০০

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ:**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) সচিব, স্থানীয় সরকার বিভাগ

(৩) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

(৪) সচিব, খাদ্য মন্ত্রণালয়

(৫) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

(৬) সচিব, অর্থ বিভাগ

(৭) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৮) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

(৯) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(১০) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(গ) **কমিটির কার্যপরিধি:**

প্রতি বছর মার্চ মাসে কমিটির বিশেষ সভা অনুষ্ঠান এবং উক্ত সভায় নিম্নবর্ণিত কার্যক্রমসূহের পূর্ববর্তী বছরের সার্বিক মূল্যায়ন ও পরবর্তী বছরের বাজেট নির্ধারণ করা;

(১) বয়স্ক ভাতা কার্যক্রম;

(২) বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কার্যক্রম;

(৩) অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম;

(৪) প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কার্যক্রম;

(৫) হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম;

(৬) বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম;

(৭) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কার্যক্রম;

(৮) চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কার্যক্রম;

(৯) মুক্তিযোদ্ধা সম্মানি-ভাতা প্রদান কার্যক্রম;

(১০) দরিদ্র মা’র জন্য মাতৃত্বকাল ভাতা বিতরণ কর্মসূচি;

(১১) কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি;

(১২) ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (ভিজিডি) কার্যক্রম;

(১৩) অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান;

(১৪) খাদ্যবান্ধব কর্মসূচি; এবং

(১৫) ন্যাশনাল সার্ভিস কর্মসূচি।

(ঘ) কমিটির সভা প্রতি ০৩ (তিন) মাসে একবার অনুষ্ঠিত হবে।

(ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ছ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ ডিসেম্বর ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৭.১৯.৩৪০ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(জাহেদা পারভীন)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd